

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৮৬
খোয়াই, ৫ ফেব্রুয়ারি, ২০২৪

খোয়াইয়ে ৩ দিনব্যাপী মিলন মেলা শুরু

৩ দিনব্যাপী জারিসারি উৎসব ও মিলন মেলা গতকাল থেকে খোয়াইয়ে শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, খোয়াই পুর পরিষদ, খোয়াই পঞ্চায়েত সমিতি ও মিলন মেলা কমিটির যৌথ উদ্যোগে এই উৎসব উত্তর দুর্গানগরের পূর্ণিমা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার বলেন, শান্তি সম্প্রীতি অক্ষুণ্ন রেখে রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পন্ন করতে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। অনুষ্ঠানের প্রধান অতিথি ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি বলেন, একে অপরের উৎসবের আনন্দে সামিল হওয়ার মধ্য দিয়ে সম্প্রীতির ভিতকে আরও শক্তিশালী করতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস দাস, পুর পরিষদের সদস্য উষা রানী সিনহা, বিশিষ্ট সমাজসেবী মধু মিত্র, মহকুমা শাসক মেঘা জৈন, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মেলা কমিটির আহ্বায়ক সুধেন দেব।
